

## নিষেধাজ্ঞা অমান্য করে চাটমোহরে শিক্ষক নিয়োগ

■ চাটমোহর (পাবনা) সরকারদাতা আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে নির্ধারিত সময়ের পর সফরায় পাবনা জেলা শহরে শিক্ষক নিয়োগ পরীক্ষার নিয়ে নিয়োগ দেয়া হলো চাটমোহর উপজেলার নিমাইচড়া ইউনিয়নের বিপ্লবন/বিমুখী উচ্চ বিদ্যালয়ের (বরদানগর) দু'জন শিক্ষকে। রবিবার নিয়োগ পরীক্ষার আয়োজন করা হয়। স্থল পরিচালনা কমিটির সভাপতি অধ্যাপক মিজানুর রহমানপহ সর্বশেষ কার্যক্রম ব্যক্তি এ নিয়োগের সাথে জড়িত বলে অভিযোগ উঠেছে। আদালতের নিষেধাজ্ঞার কারণে প্রথমে পরীক্ষা না নেয়ার সিদ্ধান্ত নেয়া হলেও পরে সফরায় এই পরীক্ষা নিয়ে চুক্তি মোতাবেক ২ জনকে নিয়োগ দেয়া হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ হাফিজুর রহমানের সাথে যোগাযোগ করা হলে তিনি রাত্তায় আছেন এমন কথা বলে পরে কথা বলবেন বলে জানান। কিন্তু পরে তার মোবাইল ফোন বন্ধ পাওয়া যায়। সদ্য নিয়োগ পাওয়া প্রধান শিক্ষক মিজানুর রহমান পত্রিকায় না পেয়ার অনুরোধ জানিয়ে বলেন, অনেক টাকা দিয়েছি, চাকরি না হলে টাকা ফেরত পাবো না।